FEB. 1 9 2001

তারিখ ...
পৃষ্ঠা ...১৭... কলাম ...৮...

ভোরের কাগজ

# চট্টগ্রামে বোর্ডের বইয়ের সংকট কাটেনি

চট্টগ্রাম অফিস : চট্টগ্রামে বোর্ডের বই এখনো পাওয়া যাচ্ছে না। আন্দরকিল্লার বইবাজারে অভিভাবকরা বইয়ের জন্য ধরনা দিয়ে ব্যর্থ হয়ে ফিরে আসছেন। পাঠ্যপুস্তক প্রকাশে বিলম্ব হওয়ায় ছাত্রসমাজের স্বাভাবিক, নিয়মমাফিক শিক্ষাগ্রহণের কাজকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করেছে। শিক্ষাবৎসরের দুমাস পেরিয়ে যাচ্ছে, তবুও বই পাওয়া না

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

# চট্টগ্রামে বোর্ডের বইয়ের

● প্রথম পাতার পর

যাওয়ায় অভিভাবকরা উদ্বিগ্ন।

এদিকে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট পাঠ্যপুস্তক প্রকাশে দুর্নীতির সঙ্গে জড়িতদের বিচার দাবি করেছে। গতকাল সকালে সংগঠনের কার্যালয়ে সংগঠনের নগর শাখার স্কুলবিষয়ক সম্পাদক স্বপন নাথের সভাপতিত্বে অনুষ্ঠিত স্কুলছাত্রদের প্রতিনিধি সভায় বক্তারা বলেন, পাঠ্যপুস্তক প্রকাশের এই বিলম্বের কারণ ঋণখেলাপি প্রতিষ্ঠান বেক্সিমকোর প্রকাশনা সংস্থা 'পুস্তকা'র হাতে বই প্রকাশের একক দায়িত্ব ছেড়ে দেওয়া। সভায় পাঠ্যপুস্তক প্রকাশে দুর্নীতির সঙ্গে জড়িতদের শাস্তির দাবিতে আগামী ২২ ফেব্রুয়ারি ডিসি অফিস ঘেরাও করার কর্মসূচি ঘোষণা করা হয়।

এ ছাড়া গতকাল পটিয়ায় শত শত স্কুলছাত্রছাত্রী অবিলম্বে পাঠ্যপুস্তক সরবরাহের দাবিতে টিএনও অফিস ঘেরাও করে। ঘেরাওকালে এক সমাবেশে বক্তারা বলেন, বছরের দুই মাস অতিবাহিত হতে চললো, অথচ ছাত্রছাত্রীদের হাতে বই পৌঁছায়নি, সামান্য যা কিছু এসেছে তাও নিম্নমানের এবং অসংখ্য ভুলে ভরা।